

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

16 OCTOBER 2026

7:45—7:55PM

(১) দক্ষিণাভ্যে আসামেৰ লোকেদেৰ গুৰুত্বপূৰ্ণ আশ্ৰয়স্থল হিমেৰে বেঙ্গালুৰুতে আসাম ভবন চালু/

(২) শাৰদীয় দুৰ্গোৎসব উপলক্ষে আজ ৰাজ্যজুড়ে উৎসবেৰ মেজাজ/ আজ বিল্বষষ্ঠীতে দেবীৰ বোধন/
এবং

(৩) লোকগণনা আইন- ১৯৪৮বেৰ অধীনে গৃহ পৰিক্ৰমা মন্ত্ৰণালয়েৰ লোকগণনা সংশোধনী আইন ২০২৬ প্ৰবৰ্তন/

মুখ্যমন্ত্ৰী ড: হিমন্ত বিশ্ব শৰ্মা ব্যাংগালুৰুৰ দদা আলাদমাৰা ৰোডে নিৰ্মাণ কৰা অসম ভবনেৰ আজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন কৰেন । এই অসম ভবন কৰ্নাটক সহ দক্ষিণাভ্যে বাস কৰা , এবং বিভিন্ন কাজে নিয়োজিত বা চিকিৎসা ইত্যাদিৰ জন্য যাওয়া আসামেৰ লোকেদেৰ জন্য গুৰুত্বপূৰ্ণ আশ্ৰয়স্থল হিমেৰে বিবেচিত হবে বলে আশা কৰা হচ্ছে । ৭১ কোটি টাকা বয়ে অত্যাধুনিক সুযোগ সুবিধা যুক্ত কৰে অসম ভবনেৰ ছতলাৰ অট্টালিকাটি নিৰ্মাণ কৰা হয়েছে । আসাম থেকে যাওয়া সাধাৰণ নাগৰিক , সরকারী আধিকারিক ও ভি আই পি অতিথিৰ জন্য পৃথকভাবে সু সজ্জিত কক্ষ সহ ২৪ টি শয্যায়ুক্ত শয়নকক্ষ ও ১২ টি শয্যায়ুক্ত ছাউনী নিৰ্মাণ কৰা হয়েছে ।

ব্যাংগালুৰুৰ বিভিন্ন প্ৰথমসারিৰ চিকিৎসালয়ে চিকিৎসাৰ জন্য যাওয়া আসামেৰ রোগী , ছাত্র ছাত্রী , পেশাদারী ব্যক্তি অথবা অন্যান্য লোকেৰা কম খৰচে এই আসাম ভবনে সুরক্ষিত ও সুলভ আবাসেৰ সুবিধা লাভ কৰবে বলে মুখ্যমন্ত্ৰী জানান ।

এদিকে মুখ্যমন্ত্ৰী ব্যাংগালুৰুৰ আসাম ভবন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন কৰাৰ পৰা আসাম সরকারেৰ সাধাৰণ প্ৰশাসন বিভাগেৰ অনলাইন পোৰ্টেল তথা নিৰ্ধাৰিত ব্যবস্থার

মাধ্যমে কোঠা সংরক্ষণ প্রক্রিয়া আরম্ভ করা হয়েছে। আজকের অনুষ্ঠানে আসাম সরকারের সাধারণ প্রশাসন বিভাগের মন্ত্রী কেশব মহন্ত উপস্থিত ছিলেন।

আজ বিল্ব ষষ্ঠীতে দেবীর বোধনের মাধ্যমে এবছরের ছ'দিন ব্যাপী শারদীয় দুর্গোৎসবের সূচনা হচ্ছে। উৎসব উপলক্ষে সমগ্র রাজ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। বিল্ব ষষ্ঠী তিথিতে বিল্ববৃক্ষমূলে দেবী দুর্গার প্রাণ প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে এবছরের শারদীয় দুর্গোৎসব শুরু হয়ে যাবে। পঞ্জিকা অনুযায়ী এইবার দেবী দুর্গার ঘোড়ায় আগমন এবং নৌকায় গমন। সম্বৎসরের অপেক্ষার অন্তে আজ আনুষ্ঠানিকভাবে দুর্গোৎসবের সূচনা হলেও চতুর্থী তিথি থেকেই দেবী দর্শন, পূজো পরিক্রমা শুরু হয়ে গেছে। রাজ্যের বিভিন্ন প্রান্তে পূজো মন্ডপগুলিকে সুন্দর করে সাজানো হয়েছে।

রাজ্যের ইতিহাস প্রসিদ্ধ মন্দিরগুলিতে নবরাত্রির প্রথম দিন থেকেই যথাবিহিত আচার অনুষ্ঠানের মাধ্যমে দেবী দুর্গার পূজা অর্চনা করা হচ্ছে। নবরাত্রির ষষ্ঠ দিনে দেবী দুর্গাকে কাত্যায়নী রূপে পূজো করা হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন যে- দেবীর আশীর্বাদ যেন সকলের জীবনে অপার শক্তি, সাহস ও ইতিবাচক শক্তির পরিবেশ নিয়ে আসে।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্ব শর্মা শারদীয় দুর্গোৎসব উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন। মুখ্যমন্ত্রী এই পবিত্র মুহূর্তে রাজ্যবাসীর মঙ্গল কামনা করে দুর্গাতিনাশিনী দেবী দুর্গার শ্রীচরণে প্রণাম জানিয়ে এই উৎসব প্রত্যেকের জীবনে নতুন আশা, শক্তি এবং আনন্দের বাতাবরণ বয়ে আনবে বলে কামনা করেছেন।

ডাইরেক্টরি পঞ্জিকা অনুযায়ী আজ সকাল ছ'টা ৫০ মিনিট থেকে রাত আটটা ১৫ মিনিট পর্যন্ত ষষ্ঠী তিথি রয়েছে। বরাক উপত্যকার তিন জেলার সর্বজনীন পূজোমন্ডপগুলিতে শাস্ত্রীয় নিয়ম মেনে ষষ্ঠীপূজো করা হচ্ছে। এই পঞ্জিকা অনুযায়ী আগামীকাল গোটা দিন সপ্তমী তিথি রয়েছে। এরপর পরদিন অর্থাৎ আগামী রবিবারও সপ্তমীর তিথি থাকবে বলে পঞ্জিকা মতে বলা হচ্ছে। তবে বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকা অনুযায়ী আগামীকাল ষষ্ঠীপূজো করা হবে। সেইমতে শিলচর রামকৃষ্ণ মিশনে আগামীকাল ষষ্ঠীপূজো অনুষ্ঠিত হবে। এই পঞ্জিকা অনুসারে দুদিন ষষ্ঠী তিথি রয়েছে।

এরমধ্যে আজ ষষ্ঠাদি কল্পারম্ভ । আগামীকাল বোধন, আমন্ত্রণ ও অধিবাস । এই বিষয়ে হাইলাকান্দির শাস্ত্রজ্ঞ পণ্ডিত রঞ্জন ভট্টাচার্য জানান-

#বাইট#

আজ শুক্রবার ষষ্ঠী তিথিতে বরাক উপত্যকার সর্বত্র পুণ্যার্থী ও পূজো দর্শনাার্থীরা সন্ধ্যা থেকেই রাস্তায় নেমে পড়েছেন ।

শ্রীভূমি জেলায় শারদীয় দুর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে কয়েকটি জরুরী টেলিফোন নম্বর জানিয়ে দেওয়া হয়েছে । জেলা প্রশাসন ও জেলা জরুরী পরিচালনা কেন্দ্রের নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৮০০০০ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে-১০৭৭ । পাশাপাশি পুলিশ কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-৮০৯৯৫৫২২৭৫, শ্রীভূমি শহরের অগ্নি ও জরুরী সেবা কেন্দ্রের নম্বর হচ্ছে - ০৩৮৪৩-২৬২১০১ , বদরপুরের অগ্নি ও জরুরী সেবা কেন্দ্রের নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৮১৯৫ , নিলামবাজারের অগ্নি ও জরুরী সেবা কেন্দ্রের নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬০৪৬৫ এবং পাথারকান্দির অগ্নি ও জরুরী সেবা কেন্দ্রের ফোন নম্বর হচ্ছে- ৯৩৯৫৫০০৮০১ । যেকোন অপ্রীতিকর বা জরুরী পরিস্থিতি সৃষ্টি হলে ,এই নম্বরগুলিতে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রন শাখা থেকে শারদীয়া দুর্গা পূজার সময় যান বাহন নিয়ন্ত্রনে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে আজ থেকে আগামী ২১শে অক্টোবর পর্যন্ত প্রতিদিন দুপুর দুটো থেকে সবধরনের বানিজ্যিক যানবাহন তথা অটোরিক্সা , ই-রিক্সা ও ঠেলা শ্রীভূমি শহরে প্রবেশ করতে পারবে না । পাশাপাশি ভারী , মধ্যম ও হালকা যাত্রীবাহী ও পণ্যবাহী যান পৌর এলাকায় চলাচল করতে পারবে না এবং পূজো মন্ডপের সামনে রাখা যাবে না । এই সময়ে ছত্তর বাজার পয়েন্ট থেকে এ ও সি পয়েন্ট পর্যন্ত কোন ধরনের যানবাহন চলাচল করতে পারবে না । এছাড়া বদরপুরের দিক থেকে আসা যানবাহন সেনকো পেট্রলপাম্প ও পাথারকান্দির দিক থেকে আসা যানবাহন কানিশাইল সুমো স্ট্যান্ড পর্যন্ত চলাচল করতে পারবে । লক্ষীবাজার দিক থেকে আসা যানবাহন সেন্ট্রাল ব্যাঙ্ক পর্যন্ত এবং ফকিরাবাজারের দিক থেকে আসা যানবাহন মাইজডিহি জিয়া টিম্বার পর্যন্ত চলাচল করতে পারবে ।

পুলিশ প্রশাসন থেকে জানানো হয়েছে যে জনগন যাতে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে চলাফেরা করে শারদ উৎসব উপভোগ করতে পারেন , সেজন্য শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রন শাখা থেকে জেলার সব নাগরিকদের সহযোগীতা কামনা করা হয়েছে ।

হাইলাকান্দি জেলায় শারদীয় দুর্গা পূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা আয়ুক্তের কার্যালয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে ২৪ ঘন্টা খোলা থাকা এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৪-২৮০০০০ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে- ১০৭৭ । জনসাধারণকে আইন শৃংখলা জনিত কোন সমস্যা দেখা দিলে এই নম্বরগুলিতে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে ।

কেন্দ্রীয় গৃহ পরিক্রমা মন্ত্রণালয় লোকগণনা আইন - ১৯৪৮ এর অধীনে লোকগণনা সংশোধনী আইন -২০২৬ প্রবর্তন করেছে। মন্ত্রণালয় এই সম্পর্কিত এক রাজপত্রিত বিজ্ঞপ্তি জারি করেছে । এই সংশোধনীর মাধ্যমে শিক্ষক, সরকারী আধিকারিক, স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারী তথা রাজ্য সরকার অথবা কেন্দ্রশাসিত প্রশাসনের দ্বারা উপযুক্ত বলে বিবেচনা করা অন্যান্য ব্যক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য যোগ্য গণনাকারীদের তালিকার সংশোধন করা হয়েছে ।

উত্তর-পূর্ব সীমান্ত রেল উৎসবের মরশুমে অতিরিক্ত যাত্রী ভীড় সামাল দিতে দু জোড়া উৎসব বিশেষ যাত্রী ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগরতলা-ধর্মনগর এবং আগরতলা -সাব্রুম রুটে দু জোড়া বিশেষ ট্রেন চালাবে । সে অনুযায়ী আগামী ১৮ই অক্টোবর থেকে ২১শে অক্টোবর পর্যন্ত প্রতিদিন আগরতলা থেকে সকাল ৫টা ১০ মিনিটে যাত্রা করে সকাল ৮টা ৪৫ মিনিটে ধর্মনগর পৌছবে । ট্রেনটি আবার সকাল ৯টা ৩০ মিনিটে ধর্মনগর থেকে যাত্রা করে দুপুর একটা ২০ মিনিটে আগরতলা পৌছবে ।

এদিকে আগরতলা-সাব্রুম বিশেষ ট্রেনটি প্রতিদিন দুপুর দুটো ১৫ মিনিটে আগরতলা থেকে যাত্রা করে বিকেল চারটে ৩৫ মিনিটে সাব্রুম পৌছবে । ট্রেনটি আবার বিকেল পাঁচটায় সাব্রুম থেকে যাত্রা করে রাত ৭টা ৩৫ মিনিটে আগরতলা পৌছবে ।

সরকার পেট্রোল রপ্তানির ক্ষেত্রে শুষ্কের হার প্রতি লিটারে ৫০ পয়সা থেকে আড়াই টাকা পর্যন্ত বৃদ্ধি করেছে। ডিজেলের ক্ষেত্রে রপ্তানী শুষ্ক প্রতি লিটারে ১৬ টাকা থেকে সাড়ে ৮ টাকায় হ্রাস করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের এসম্পর্কে জারি করা বিজ্ঞপ্তী অনুযায়ী আজ থেকে এই সংশোধিত মূল্য কার্যকরী হবে। একইভাবে বিমানের ইন্ধন রপ্তানীর ক্ষেত্রে প্রতি লিটারে প্রযোজ্য সাড়ে ১০ টাকার শুষ্ক আগের মতো অব্যাহত থাকবে। বিজ্ঞপ্তিতে ঘরুয়া চাহিদা পূরণের জন্য পেট্রোল ও ডিজেলের উপর আরোপিত আবগারী শুষ্কের হারে কোনো ধরনের পরিবর্তন করা হয়নি বলে উল্লেখ করা হয়েছে।

গৌহাটী হাই কোর্ট জুবিন গার্গের মৃত্যুর মামলায় অন্যতম অভিযুক্ত সন্দীপন গার্গের আজ জামিন মঞ্জুর করেছে। গৌহাটী হাই কোর্টের বিচারপতি রাজেশ মজুমদারের বিচারপীঠ আজ অভিযুক্ত সন্দীপন গার্গের জামিন আবেদন মঞ্জুর করে। উল্লেখ্য সিংগাপুরে আয়োজিত নর্থ ইস্ট ফেস্টিভেলের জন্য প্রয়াত শিল্পীর সম্পর্কিত ভাই ও আসাম পুলিশের তদানিন্তন উপ পুলিশ পুপার সন্দীপন গার্গ সিংগাপুরে গেছিলেন। শিল্পীর মৃত্যুর পর বিশেষ তদন্তকারী গোষ্ঠী অভিযুক্ত গার্গকে গত বছরের ৮ অক্টোবর গ্রেপ্তার করে। তখন থেকে প্রায় এক বছর থেকে তিনি বাক্সা জেলা কারাগারে বন্দী ছিলেন। এর আগে এই মামলায় অন্য আরেকজন অভিযুক্ত অমৃতপ্রভা মহন্তকে জামিন প্রদান করা হয়েছিল।

এদিকে বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাষ্ট ট্রেক আদালতে জুবিন গার্গের মৃত্যুর মামলায় সাক্ষ্য প্রদান অব্যাহত রয়েছে।

উত্তর করিমগঞ্জ ও দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের মোট ৫১৮ জন আশাকর্মী এবং ৩৯ জন আশা সুপারভাইজারকে আজ শ্রীভূমি জেলা গ্রন্থাগার ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রীর সাক্ষরিত প্রশংসাপত্র এবং প্রত্যেককে ১ হাজার টাকা করে টোকেন অর্থ প্রদান করা হয়েছে। তৃণমূল স্তরে স্বাস্থ্য পরিষেবা শক্তিশালী করার ক্ষেত্রে আশাকর্মী ও আশা সুপারভাইজারদের নিষ্ঠা দায়বদ্ধতা এবং গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অনুষ্ঠানে করিমগঞ্জের সাংসদ প্রতিনিধি ও বিজেপি দলের সহ সভাপতি অশোক দত্ত, ভারপ্রাপ্ত স্বাস্থ্য যুগ্ম সঞ্চালক ডাঃ শশাংক ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।
